

## এমএসসি নার্সিং কোর্স-এর উদ্বোধন

গত ১৮ জানুয়ারি ২০১৭ইং তারিখ, সকাল ১০টায় শেরে বাংলা নগরস্থ নার্সিং কলেজে এমসি নার্সিং কোর্স-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। আরো বক্তব্য রাখেন অত্র বিশ্ববিদ্যালয়ের নার্সিং অনুষদের সম্মানিত ডীন অধ্যাপক ডা. অসীম রঞ্জন বড়ুয়া, বিএসসি নার্সিং ডেভেলপমেন্ট কমিটির সদস্য সচিব ডা. একেএম শরীফুল ইসলাম প্রমুখ। প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান দেশের নার্সিং সেবার মান উন্নয়ন ও এমএসসি কোর্স যথাযথভাবে পরিচালনার ক্ষেত্রে সব ধরনের সহযোগিতার আশা ব্যক্ত করেন। তিনি বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের সময় পাশে থাকার কারণে কোরিয়ান সরকার ও জনগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং উভয় দেশের মধ্যে সুসম্পর্ক দিন দিন আরো জোরদার হওয়ার আশাবাদ ব্যক্ত করেন।